

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬১৯

२. यन गलाता সूि छे छे अति भयाला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো যখন সে নির্জনে থাকবে, তখন সে তার কৃত পাপের জন্য অব্যাহতভাবে কান্না করতে থাকবে, যদিও সে পাপ থেকে দূরে থাকে এবং তার বিপরীত কাজে সচেষ্ট থাকে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ عَلَيْهِ إِذَا تَخَلَّى لُزُومُ الْبُكَاءِ عَلَى مَا ارْتَكَبَ مِنَ الْحَوْبَاتِ وَإِنْ كَانَ بَائِنًا عَنْهَا مُجِدًّا فِي إِتْيَانِ ضِدها

আরবী

619 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا يَحْيَى بْنُ زَكَرِيًّا عَنْ إِبْرَاهِيمَ بْنِ سُوَيْدِ النَّخَعِيِّ حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي سُلَيْمَانَ عَنْ عطاء قَالَ: دَخَلْتُ أَنَا وَعُبَيْدُ بْنُ عُمَيْدٍ: قَدْ آنَ لَكَ أَنْ تَزُورَنَا قَالَ: دَخُلْتُ أَنَا وَعُبَيْدُ بْنُ عُمَيْدٍ: قَدْ آنَ لَكَ أَنْ تَزُورَنَا قَالَ: أَقُولُ يَا أُمَّهُ كَمَا قَالَ الْأُوَّلُ: زُرُ غِباً تَرْدَدْ حُبًّا قَالَ: فَقَالَتْ: دَعُونَا مِنْ رَطَانَتِكُمْ فَقَالَ: أَقُولُ يَا أُمَّهُ كَمَيْدٍ: أَخْبِرِينَا بِأَعْجَبِ شَيْءٍ رَأَيْتِهِ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذِهِ قَالَ ابْنُ عُمَيْدٍ: أَخْبِرِينَا بِأَعْجَبِ شَيْءٍ رَأَيْتِهِ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: فَسَكَتَتْ ثُمَّ قَالَتْ: فَلَا أَنْ يُلِكَ مُنَا لَلْيَالِي قَالَ: (يَا عَائِشَةُ ذَرِينِي أَتَعَبَّدُ اللَّيْلَةَ لَكَ عَلَيْهِ وَسَلَّمَ لَلْ الْمُرْفِقِ اللَّهُ عِلَيْهِ وَسَلَّمَ لَكُى قَالَ: (يَا عَائِشَةُ ذَرِينِي أَتَعَبَّدُ اللَّيْلَةَ لَيْكَ عُلَيْهِ وَسَلَّمَ لَلْ يُوكِي مَتَّى بَلَ لِحَيْتُهُ قَالَتْ: فَالْمَ يَزَلْ يَبْكِي حَتَّى بَلَ لَا لَكُونَ عَلْمَ يَزَلْ يَبْكِي حَتَّى بَلَ لَوْ لِكُم لِللَّهُ لِكَى عَلَى اللَّهُ لِكَ عَلَى اللَّهُ لِكَ عَلَى اللَّهُ لِكَ عَلَى اللَّهُ لَكَ مَا تَقَدَّمَ وَمَا تَأَخَّرَ فِيهَا إِلَى فِي خَلْقِ السَّمَوَاتِ رَسُولَ اللَّهِ لِمَ تَلْكِي وَقُدْ غَفَرَ اللَّهُ لَكَ مَا تَقَدَّمُ وَمَا تَأَخَّرَ فِيهَا {إِنَّ فِي خَلْقِ السَّمَوَاتِ وَلَالْأَنُونُ مُن اللَّهُ لِمَنْ قَرَأُهَا وَلَمْ يَتَفَكَرْ فِيهَا {إِنَّ فِي خَلْقِ السَّمَوَاتِ وَلَالْأَرُونُ مَن }) الْآيَةَ كُلُّهَا [آل عمران: 190].

الراوي: عطاء | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 619 ا خلاصة حكم المحدث: حسن.

বাংলা



৬১৯. 'আতা বর্ণনা করেন যে, আমি ও 'উবাইদ বিন 'উমাইর 'আয়েশা রাদ্বিয়াল্লাহু আনহার কাছে গেলাম। তখন 'আয়েশা রাদ্বিয়াল্লাহু আনহা 'উবাইদ বিন 'উমাইরকে বলেন: "আমাদেরকে দেখতে আসার এখন সময় হলো?" তখন 'উবাইদ বিন 'উমাইর বলেন, আমি বললাম: "আম্মাজান, আমি তাই বলবো যেমনটা পূর্বের কোন এক ব্যক্তি বলেছিলেন: "বিলম্ব করে দেখা করো, তাহলে মুহাব্বত বৃদ্ধি পাবে!" রাবী বলেন, তখন 'আয়েশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন: "আমাদের সাথে এরকম ছন্দময় দুর্বোধ্য কথা বলা বাদ দাও।" ইবনু 'উমাইর বলেন: "আপনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সবচেয়ে বিস্ময়কর যে জিনিস প্রত্যক্ষ করেছেন, তা আমাদেরকে অবহিত করুন।"

তিনি বলেন, তারপর 'আয়েশা রাদ্বিয়াল্লাহু আনহা কিছুক্ষণ চুপ থাকেন তারপর বলেন: "কোন এক রাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বলেন: "হে 'আয়েশা রাদ্বিয়াল্লাহু আনহা, আমাকে ছাড় দাও, আমি আজ রাতে আমার প্রতিপালকের ইবাদত করি।" তখন আমি বললাম: "আল্লাহর কসম, নিশ্চয়ই আমি আপনার নৈকট্য ভালবাসি এবং আপনি যাতে খুশি হন, সেটাও ভালবাসি।" তিনি বলেন, এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উঠে গিয়ে ওযু করলেন এবং সালাতে দাঁড়ালেন। এরপর তিনি কাঁদতে লাগলেন এমনকি তাঁর চোখের কোণ ভিজে গেলো! তারপর আবার কাঁদতে লাগলেন এমনকি তাঁর দাড়ি মোবারক ভিজে গেলো! তারপর তিনি আবার কাঁদতে লাগলেন এমনকি মাটি ভিজে গেলো!

অতঃপর বিলাল রাদ্বিয়াল্লান্থ আনন্থ আসেন ফজরের সালাতের সময় জানান দেওয়ার জন্য। তিনি যখন রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লামকে কাঁদতে দেখেন, তখন তিনি বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম, আপনি কেন কাঁদছেন, অথচ মহান আল্লাহ আপনার পূর্বের ও পরের সব ক্রটি-বিচ্যুতি ক্ষমা করে দিয়েছেন?" রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম বলেন: "আমি কি আল্লাহর শুকরগুজার বান্দা হবো না? আজ রাতে আমার উপর একটি আয়াত নাঘিল হয়েছে, দুর্ভোগ ঐ ব্যক্তির জন্য যে ব্যক্তি তা পাঠ করে অথচ তা নিয়ে চিন্তা-গবেষণা করে না! আয়াতটি হলো: "নিশ্চয়ই আসমানসমূহ ও জমিনের সৃষ্টিতে …। পুরো আয়াত। (সূরা আল ইমরান: ১৯০)[1]

ফুটনোট

[1] আবুশ শাইখ, আখলাকুন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ১৮৬, ১৯০, ১৯১ পৃষ্ঠা।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে হাসান বলেছেন। (আস সহীহাহ: ৬৮।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন